কালের কণ্ঠ

তারিখ 17 JUN 2015
পৃষ্ঠা ১৫ কলাম ২

উচ্চ মাধ্যমিকে ভর্তি প্রতারণা

# যশোর বোর্ডের ১১ কলেজকে শোকজ

নিজস্ব প্রতিবেদক, যশোর ▷

উচ্চ মাধ্যমিকের ভর্তিতে প্রতারণার অভিযোগে যশোর শিক্ষা বোর্ড ১১ কলেজকে শোকজ করেছে। কলেজগুলো হলো যশোরের চৌগাছার পাশাপোল আম জামতলা কলেজ, জিসিবি কলেজ, এবিসিডি কলেজ, চৌগাছা ডিগ্রি কলেজ, মৃধাপাড়া ডিগ্রি কলেজ, হাকিমপুর মহিলা কলেজ, যশোর সদর উপজেলার বসুন্দিয়া স্কুল অ্যান্ড কলেজ ও তালবাড়িয়া ডিগ্রি কলেজ, সাতক্ষীরার কলারোয়ার ইঞ্জিনিয়ার শেখ মুজিবুর রহমান কলেজ, খুলনার পাইকগাছার লক্ষীপাশা কলেজিয়েট স্কুল অ্যান্ড কলেজ ও মাগুরার শালিখার আড়পাড়া কলেজ। যশোর শিক্ষা বোর্ড সূত্র জানায়, শিক্ষার্থীদের না জানিয়ে আগেই অনলাইনে আবেদন করায় বিপাকে পড়েছে বোর্ডের ছয় শতাধিক ভর্তীচ্ছু শিক্ষার্থী। তারা ভর্তির আবেদন করতে গিয়ে দেখতে পায় আগেই তাদের আবেদন করা হয়েছে। শিক্ষার্থীদের এমন অভিযোগের ভিত্তিতে বোর্ডের উপজেলা পর্যায়ের ১১টি কলেজের কর্তৃপক্ষকে শোকজ করা হয়েছে।

শিক্ষার্থীরা জানায়, গ্রামের কলেজগুলোতে প্রতিবছর এসএসসির ফল প্রকাশের পর শিক্ষার্থী সংগ্রহের হিড়িক পড়ে। শিক্ষকরা গ্রামে গ্রামে গিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের ম্যানেজ করে নিজেদের প্রতিষ্ঠানে ভর্তিতে উদ্বুদ্ধ করেন। কিন্তু এই শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তি কার্যক্রম চালু হওয়ায় শিক্ষকরা আগের মতো শিক্ষার্থী সংগ্রহ করতে পারছেন না।